

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিব শতবর্ষে নৌপরিবহন মন্ত্রণালয় থেকে ‘বঙ্গবন্ধু ও নদী’ শিরোনামে টিভিসি নির্মাণ
প্রস্তাবনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	খালিদ মাহমুদ চৌধুরী. এম.পি মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়
সভার তারিখ	১৬-০৩-২০২২
সভার সময়	রাত ৯.০০ টা
স্থান	জুম মাধ্যম (ভার্চুয়াল সভা)
উপস্থিতি	...

সভাপতি সভায় সংযুক্ত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সচিব মহোদয়ের অনুমতিক্রমে সেন্সমেকারস এর পরিচালক জনাব আহমেদ আদনান হাবিব স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে নৌপরিবহন মন্ত্রণালয়ের জন্য ‘বঙ্গবন্ধু ও নদী’ শিরোনামে প্রস্তাবিত ১০০ সেকেন্ড দৈর্ঘ্যের অডিও ভিজুয়াল (টিভিসি) নির্মাণের বিভিন্ন বিষয় উপস্থাপন করেন ও ব্যাখ্যা করেন। প্রতিষ্ঠানটি কর্তৃক নির্মিত ০৩টি টিভিসি-র নমুনা সভায় অবলোকন করা হয়। এরপর সেন্সমেকারস কর্তৃক প্রস্তাবিত অডিও ভিজুয়ালটির রূপরেখা নিয়ে সভায় আলোচনা করা হয়। উপস্থাপিত রূপরেখার ওপর কর্মকর্তাগণ নিম্নোক্ত মতামত প্রকাশ করেন।

০২। অডিও ভিজুয়ালটির বক্তব্যের ভাষায় অপ্রচলিত শব্দ বা সাহিত্যধর্মী গুরুগম্ভীর ভাষা ব্যবহার করা হয়েছে। যা সর্বসাধারণের জন্য সহজবোধ্য নয়। তাই আরো সহজ ও জীবনঘনিষ্ঠ ভাষা ব্যবহৃত হওয়া প্রয়োজন। অডিও ভিজুয়ালটিতে বঙ্গবন্ধুর প্রকৃত ছবি ব্যবহার করা প্রয়োজন এবং প্রযোজ্য ক্ষেত্রে ঐতিহাসিক ঘটনাগুলোর পুনঃনির্মাণ করার ক্ষেত্রে সর্বোচ্চ যত্নশীল থাকা ও সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। নদীর আবহ ও পটভূমি যেভাবে বঙ্গবন্ধুর ব্যক্তিত্ব ও নেতৃত্বগুণকে প্রভাবিত করেছে এবং প্রবহমান নদীর গতিময়তাকে তিনি যেভাবে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের আন্দোলনে এবং সদ্য স্বাধীন বাংলাদেশের উন্নয়নে সঞ্চারিত করেছিলেন অডিও ভিজুয়ালটিতে সেসকল গুরুত্বপূর্ণ অনুভূতি তুলে ধরার প্রচেষ্টা থাকতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। অডিও ভিজুয়াল-এ ব্যবহৃত শব্দসমূহ আরো স্পষ্ট হওয়া প্রয়োজন এবং সম্পূর্ণ অডিও ভিজুয়ালটি ১০০ সেকেন্ড এর মধ্যে হওয়া প্রয়োজন। ব্যবহৃত ধারাবিবরণীর কণ্ঠস্বর ভালো মানের এবং শ্রুতিমধুর হতে হবে। বঙ্গবন্ধুর কর্মজীবন উপস্থাপনের ক্ষেত্রে প্রস্তাবে ১৯৪৮-১৯৭১ সময়কালকে নেয়া হলেও স্বাধীনতা পরবর্তী সময়ে বঙ্গবন্ধুর অবদান টিভিসি-তে অন্তর্ভুক্ত রাখার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়। মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আয়োজিত কর্মসূচির ধারাবাহিকতায় ‘বঙ্গবন্ধু ও নদী’ শীর্ষক টিভিসি নির্মাণে চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ সভায় আগ্রহ ব্যক্ত করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


(ক) অডিও ভিজুয়ালটিতে ১৯৪৮ হতে ১৯৭১ সালের স্বাধীনতা অর্জন পরবর্তীতে বঙ্গবন্ধুর গুরুত্বপূর্ণ অবদানসমূহ নিয়ে 'সোনার বাংলা' গড়ার ভাবনাকে মূলমন্ত্র করে নৌপথের অর্জনকে তুলে ধরতে হবে।

(খ) বঙ্গবন্ধু চীনে ভ্রমণকালে নিজেকে -পানির দেশের মানুষ বলে পরিচয় দিয়েছিলেন। নির্মাতা প্রতিষ্ঠান ভিডিও চিত্রের থিম হিসেবে এ ঘটনাটির ব্যবহার করা যায় কিনা তা বিবেচনা করতে পারে।

(গ) ভিডিওটি ১০০ সেকেন্ড এর মধ্যে হবে।

(ঘ) বঙ্গবন্ধু ও নদী শিরোনামে টিভিসি নির্মাণের ব্যয়ভার মোংলা বন্দর কর্তৃপক্ষ বহন করবে।

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।



খালিদ মাহমুদ চৌধুরী. এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০০০.০১.০০১.২০.৩২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮

১৩ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, বন্দর অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব, সংস্থা-২ অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত সচিব, সংস্থা-১, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৫) যুগ্মসচিব, পাবক অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৬) যুগ্মসচিব, পরিকল্পনা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৭) যুগ্ম সচিব, টিএ অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৮) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ৯) যুগ্ম সচিব, বাজেট অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ১০) যুগ্ম সচিব, চবক অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ১১) যুগ্মসচিব, মোবক অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ১২) যুগ্মসচিব, উন্নয়ন, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ১৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ১৪) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌ-পরিবহন মন্ত্রণালয়
- ১৫) প্রোগ্রামার, আইসিটি সেল, নৌ-পরিবহন মন্ত্রণালয়



মোঃ আলমগীর কবির
সিনিয়র সহকারী সচিব